

## গাজীপুরে ছাত্রলীগ নেতা ছুরিকাহত রাবিতে ছাত্রদলের দুই গ্রুপে, টঙ্গীতে ছাত্রলীগ-ছাত্রদল সংঘর্ষে আহত ৬

কাগজ ডেক : রাজশাহী বিশ্ববিদ্যালয়ে ছাত্রদলের এক গ্রুপের কর্মীরা অপর গ্রুপের কর্মীকে বেধড়ক পিটিয়ে এবং গাজীপুর শহরে সন্ত্রাসীরা পৌর ছাত্রলীগ নেতাকে উপর্যুপরি ছুরিকাঘাতে ওরুতর আহত করেছে। অপরদিকে টঙ্গী সরকারি বিশ্ববিদ্যালয় কলেজের ছাত্র সংসদ নির্বাচনকে কেন্দ্র করে ছাত্রদল ও ছাত্রলীগের রাবি প্রতিনিধি জানান, পূর্ব শত্রুতার জের ধরে গত সোমবার দুপুর ১২টার দিকে রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্রদলের উজ্জ্বল গ্রুপের ইমন, আরিফসহ ৮-১০ জন দলের লিখন গ্রুপের মামুনকে টুকুটাকি চত্বরের সামনে ঘিরে ধরে। কণা কাটাকাটির এক পর্যায়ে উজ্জ্বল গ্রুপের কর্মীরা মামুনকে বেধড়ক পেটতে থাকে। এ সময় হাবিবুর রহমান হলের এক ছাত্রদল নেতা মামুনকে রক্ষা করে। আহত মামুনকে পরে স্থানীয় একটি হাসপাতালে চিকিৎসা প্রদান করা হয়। এ ঘটনা নিয়ে উভয় গ্রুপের মধ্যে উত্তেজনা বিরাজ করছে।

টঙ্গী প্রতিনিধি জানান, গত সোমবার দুপুর ১২টায় টঙ্গী সরকারি বিশ্ববিদ্যালয় কলেজের অধ্যক্ষ কলেজ সংসদ নির্বাচন ঘোষণা করেন। ঘোষণার পর একদল উশ্চরন ছাত্র লাঠি-সোঁটা নিয়ে হঠাৎ করে কলেজের প্রশাসনিক কক্ষসহ অধ্যক্ষের কক্ষের দরজা ও জানালার কাঁচ এবং আসবাবপত্র ভাঙচুর করে। এ সময় ছাত্রদল

ও ছাত্রলীগের কর্মীদের মধ্যে ধাওয়া-পাল্টা ধাওয়া শুরু হয়। এ সময় ৫ জন ছাত্র আহত হয়। আহতদের মধ্যে ছাত্রদল কর্মী সাজেদুল ইসলাম (২৫) ও মিয়াজাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

গাজীপুর প্রতিনিধি জানান, জেলা শহর কেন্দ্রে রথখোলা রোডে গত সোমবার রাত ১০টার দিকে একদল সন্ত্রাসী পৌর ছাত্রলীগের যুগ্ম-সাধারণ সম্পাদক সোহেল রানাকে (২৫) উপর্যুপরি ছুরিকাঘাত করে। ওরুতর আহত রানাকে গাজীপুর সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। গত শনিবার রাতে ঘোষিত পৌর ছাত্রলীগের কমিটি নিয়ে বিরোধের জের ধরে এই হামলা হয়েছে বলে জানা গেছে।

আহত রানা হাসপাতালে ভোরের কাগজকে জানান, রাতে এক বন্ধুকে সঙ্গে নিয়ে সে রিকশায় করে হাজীবাগে নিজ বাড়িতে ফিরছিল। পথে রথখোলায় শিমুল গাছের কাছে আলমগীর, রফিক, আনোয়ারুল, অপুসহ ১০-১২ জন সশস্ত্র সন্ত্রাসী গতিরোধ করে উপর্যুপরি ছুরিকাঘাত করে তাকে পথে ফেলে যায়। পরে পথচারী এলাকাসাসী তাকে গাজীপুর সদর হাসপাতালে এনে ভর্তি করে।